

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৭২

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - ইয়ামান ও শাম (সিরিয়া) দেশের বর্ণনা এবং উওয়াইস করানী-এর আলোচনা

الفَصْلُ الثَّالِثُ (بَابِ تَسْمِيَةِ مِنْ سَمِيِّ أَهْلِ الْبَدْرِ فِي «الْجَامِعِ لِلْبُخَارِيِّ»)

আরবী

عَنْ أَنَسِ عَنْ زَيْدِ بْنِ ثَابِتٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَظَرَ قَبْلَ الْيَمَنِ فَقَالَ: «اللَّهُمَّ أَقْبِلْ بِكُلُّ وَبِهِمْ وَبِأَرْكِ لَنَا فِي صَاعِنَا وَمُدِنَا». رَوَاهُ التِّرْمِذِيُّ

حسن ، رواه الترمذى (3934) وقال : حسن غريب) -

(صَحِيحٍ)

বাংলা

৬২৭২-[৭] আনাস (রাঃ) যায়দ ইবনু সাবিত (রাঃ) হতে বর্ণনা করেন। নবী (সা.) ইয়ামান দেশের দিকে দৃষ্টি দিয়ে দু'আ করলেন, “হে আল্লাহ! ইয়ামানবাসীদের অন্তর আমাদের দিকে ঘুরিয়ে দাও এবং আমাদের জন্য সা' ও মুদের মধ্যে বরকত দাও।” (তিরমিয়ী)

ফুটনোট

হাসান সহীহ: তিরমিয়ী ৩৯৩৪, ইবনু মাজাহ ২৯১৫, মুসনাদে আহমাদ ১৪৭৩১, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ৪৬৫৬, আল মু'জামুস সগীর লিত্ব তবারানী ২৭৩, আল মু'জামুল আওসাত্ত ২৫২৭, আল আদাবুল মুফরাদ ৪৮২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (اللَّهُمَّ أَقْبِلْ) আসলে তিনি (সা.) এ দু'আ করেছেন এজন্য যে, মদীনাবাসীর খাদ্যদ্রব্য আমদানী হয় ইয়ামান থেকে। এজন্য পরে মদীনাবাসীর জন্য ইয়ামান থেকে আমদানীকৃত খাবারের মধ্যেও সা'-এ বরকতের দু'আ করেছেন।

وَبَارِكْ لَنَا فِي صَاعِنَا وَمُدِنَا (এ দুটো দ্বারা উদ্দেশ্য হলো পরিমাপ করা যায় এমন খাদ্যদ্রব্য)। এখানে পাত্রের এবং পাত্রস্থ বস্তুর কথা বলা হয়েছে।

তূরিবিশতী (রহিমাত্তলাহ) বলেন, দুই সীমানার মিলের কারণ হলো, মদীনাবাসীরা সর্বদা সংকটময় জীবনযাপন ও পাথরের আশ্রয় প্রার্থনায় থাকতে হয়। তাদের প্রয়োজনীয় খাদ্যদ্রব্য থাকে না। অতএব যখন তিনি (সা.) দারুল হিজরতে ইয়ামানবাসীর মনোযোগ ঝুঁকে পড়ার জন্য দু'আ করলেন। আর তারা ছিল বিপুল সংখ্যক মানুষ। তখন তিনি (সা.) মদীনাবাসীর খাদ্যের বরকতের জন্য দু'আ করলেন। যাতে তথাকার অধিবাসীর এবং আগন্তক ব্যক্তিদের স্বচ্ছতা আসে। আগমনকারীদের কারণে স্থায়ী বাসিন্দারা বিরক্ত না হয় এবং মুহাজিরদের সেথায় অবস্থান করা কঠিন না হয়। (তুহফাতুল আহওয়াফী হা. ৩৯৪৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86249>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন